লিখিত অভিযোগে সূত্রে জানা গেছে, গত ২২ অক্টোবর সোমবার বেলা ১১টার দিকে দশম শ্রেণির পঠদান চলাকালে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ছাত্রীদের উদ্দেশে অপশোন, অপ্রাসঙ্গিক ও সমানহানিকর মন্তব্য করেন। একই সঙ্গে নিজেরে পরিবারিক সম্পদ নিয়েও শ্রেণিকক্ষে কথা বলেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। অভিভাবকদের দাবি, শ্রেণিকক্ষে পঠদানের পরিবর্তে শিক্ষক প্রায়ই নিজের সম্পদ ও ব্যক্তিগত বিষয় নিয়ে আলোচনা করেন। পাশাপাশি ছাত্রীদের চারিকক্ষ বিষয় এবং তাদের বয়সের উপযোগী নয়-এমন প্রসঙ্গও মন্তব্য করেন বলে অভিযোগ রয়েছে। এসব বক্তব্য বিদ্যালয়ের সিসিটিভি ফুটেজ ধারণ হয়ে থাকতে পারে বলেও দাবি করছেন তারা। অভিযোগপত্রে অভিভাবকরা উল্লেখ করেন, একটি বালিকা বিদ্যালয়ের শ্রেণিকক্ষে শিক্ষকের এমন আচরণের অভিযোগে শিক্ষার্থীদের মধ্যে উত্তেণ ও নিরাপত্তাহীনতা তৈরি হয়েছে। তারা অভিযোগের সূত্ তদন্ত, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এই শিক্ষককে অতুল বদলির দাবি জানিয়েছেন। অভিযোগপত্রে দশম শ্রেণির অন্তত ১০ জন ছাত্রীর অভিভাবকের শাফর রয়েছে বলে জানা গেছে। নাম প্রকাশ না করার শর্তে একাধিক শিক্ষার্থী জানায়, শ্রেণিকক্ষে এসে শিক্ষক নিজের সম্পদ ও দামি জিনিসপত্রের কথা বলেন। তার একটি ব্যাগাল একটিমহ মেটরসাইকেল, আইফোন, স্যামসাং মোবাইল ফোন, গাড়ি ও বরিশালে ফ্ল্যাট রয়েছে বলে উল্লেখ করেন। এ ছাড়া শিক্ষার্থীদের ভাষা অনুযায়ী, বিভিন্ন অনুপযুক্ত বিষয় নিয়েও তিনি শ্রেণিকক্ষে আলোচনা করেন, যা তাদের কাছে অশ্লিক্রিক বলে মনে হয়েছে। এদিকে, অভিযোগের অনুলিপি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, বরিশালের উপপরিচালক এবং জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছেও দেওয়া হয়েছে বলে জানিয়েছেন অভিযোগকারী অভিভাবকরা। অভিযোগের বিষয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. শহিদুল্লাহ খান বলেন, তিনি বিদ্যালয়ে যোগদানের পর থেকে নবম ও দশম শ্রেণিতে নিয়মিত পঠদান করছেন। আগে গাইড বই অনুসরণ করে প্রশ্নপত্র তৈরি করা হতো, বর্তমানে বিদ্যালয়েই প্রশ্নপত্র প্রণয়ন করা হচ্ছে। তার দাবি, আগে নিয়মিত ক্লাস হতো না, কিন্তু এখন ক্লাস নিয়মিত হচ্ছে এবং ছাত্রীদের উপস্থিতিও বেড়েছে। তিনি আরও বলেন, ‘‘হামি যোগদানের আগে বিদ্যালয়ের স্বজনপ্রীতি ছাড়া নানো সন্ধ্যা ছিল। শিক্ষকদের সঙ্গে নিয়ে সেগুলো সামালিয়ে চেষ্টা করেছে। এসব পরিবর্তনের কারণে কিছু শিক্ষক অসন্তুষ্ট। মূলত তাঁরাই আমার বিরুদ্ধে অভিযোগ করিয়েছেন। আমার বিরুদ্ধে আনা অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন।’’ রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি বলেন, ‘‘অভিভাবকদের লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।’’

নেছারাবাদে নজরুলবর্ষ উপলক্ষ্যে

উপস্থিত ছিলেন ফজিলা রহমান মহিলা কলেজের অধ্যক্ষ জনাব এস এম জাহিদুল ইসলাম এবং স্বরূপকাঠি সরকারি কলেজের প্রাক্তন অধ্যক্ষ জনাব ডা.মোঃ ফজলুল রক। প্রধান বক্তা অত্র কিশোরগাট্টেরনর অধ্যক্ষ বিএসনি শাহ্ আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শাইনই স্টার কিশোরগাট্টেনের ভারপ্রাপ্ত সভাপতি ও স্বরূপকাঠি কলেজটিতে একাডেমীর প্রধান শিক্ষক জনাব মোঃ মোরশেদুল হক। শাইনই স্টার কিশোরগাট্টের কমিটি সদস্য, শিক্ষক মঞ্জুী ও শিক্ষার্থীদের যৌথ বাস্তবায়নে এই জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত বক্তারা জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন, কর্ম এবং তাঁর অসাধারণতা ও সাম্যবাদী ভাবধারার ওপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন। আলোচনা সভা শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

অন্তঃসত্ত্বাকে মারধর ও নবজাতকের

করা হয়েছে। এজহারগের বিবরণ অনুযায়ী, মারধরের ঘটনায় আরও গর্ভবতী তানিয়া বেগম কলাপাড়া হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। এ সময় তার সাত মাসের গর্ভের সন্তানের গর্ভপাত হয়। পরে সন্তানজন্মের তেঁঁর চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানোর উদ্যোগ নেওয়া হলোও শেষ পর্যন্ত তার মৃত্যু হয়। ঘটনার পর দায়ের করা মামলার প্রথম অভিযুক্ত মোঃ সোহাগ সিকদার দীর্ঘদিন ধরে পলাতক ছিলেন। তাঁকে গ্রেপ্তারের লক্ষ্যে এসআরবি-৮, সিপিসি-১, পটুয়াখালী ক্যান্স ও সদর কোম্পানি, বরিশালের যৌথ আভিযানিক দল অভিযান পরিচালনা করে। গত ১৩ অক্টোবর রাতে বাকেরগঞ্জ থানাবীর রঙ্গশ্রী এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর তাঁর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে বরিশাল জেলার বাকেরগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮ এর কোম্পানি অধিনায়ক স্কোয়াড্রন লিডার রাশেদ বলেন, গুরুতর অভিযোগে দায়ের করা মামলার পলাতক প্রধান অভিযুক্তকে গ্রেপ্তারের লক্ষ্যে এসআরবি-৮, সিপিসি-১, পটুয়াখালী ক্যান্স ও সদর কোম্পানি, বরিশালের যৌথ আভিযানিক দল অভিযান পরিচালনা করে। অভিযানে মামলার প্রধান অভিযুক্ত মোঃ সোহাগ সিকদারকে বরিশাল জেলার বাকেরগঞ্জ থানাবীর রঙ্গশ্রী এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর তাঁকে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বাকেরগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে। অপরাধ দমন ও আইনশৃঙ্খলা রক্ষা আমাদের অভিযান অব্যাহত থাকবে।

কাউখালীতে দরিদ্র মহিলাদের

হবে বলে জানা গেছে। প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুহেনো আজার। তিনি বলেন, গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে এবং নারীদের ক্ষমতায়নে এ ধরনের প্রশিক্ষণের ভূমিকা অপরিসীম। হাঁস-মুরগি পালনের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা নিজেলের পরিবারকে স্বাবলম্বী করার পাশাপাশি স্থানীয় চাহিদা পূরণেও বড় অবদান রাখতে পারবেন। বিআরডিবি পিরোজপুরের উপ-পরিচালক নাজমুল আনোয়ার বলেন,ইরেবশো প্রকল্প ২ম পর্যায়ের মূল লক্ষ্যই হলো পিছিয়ে পড়া নারী সমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করা। এ সময় তিনি প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান বাস্তবে প্রয়োগ করে সকল সফলভোগীদের নিজেকেসহ আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার আহ্বানও জানান। উপজেলা বিআরডিবি কর্মকর্তা মোঃ মাসুম মিয়া জানান,উপজেলা পর্যায়ে দরিদ্র নারীদের কায়বর্ধনমূলক কর্মকাণ্ডে যুক্ত করতে বিআরডিবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ৩ দিনব্যায়ী এই কারিগরি প্রশিক্ষণ শেষ করে নারী সদস্যরা যেন সফলভাবে খামার গড়ে তুলতে পারেন, সে ব্যাপারে বিআরডিবি থেকে প্রয়োজনীয় সব সহযোগিতা অব্যাহত থাকবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সোমা রানী সরকার উক্ত প্রশিক্ষণে হাঁস-মুরগির জাত নির্বাচন,সঠিক পরিচর্যা, খাদ্য ব্যবস্থাপনা ও রোগ- বালাই প্রতিরোধ বিষয়ে বিস্তারিত প্রশিক্ষণও প্রদান করেন। প্রশিক্ষণার্থী নারীরা অত্যন্ত উৎসাহ-উদ্দীপনার সাথে এ কর্মশালায় অংশগ্রহণ করেন এবং এই উদ্যোগের জন্য আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন বলে জানা যায়।

আঁগৈলঝাড়ায় ভ্রাম্যমান আদালতে হয়

মিষ্টান্ন ভাণ্ডারকে ৫ হাজার টাকা, হাবিব স্টোরকে ৩ হাজার টাকা, মুক্তি এন্টারপ্রাইজ সার দোকানকে ৪ হাজার টাকা এবং মায়ের দোয়া স্টোরকে ১ হাজার ৫শে টাকা জরিমানা করা হয়। অভিযুক্ত প্রতিষ্ঠানগুলো তাত্ক্ষণিকভাবে জরিমানার অর্থ পরিশোধ করে এবং ভবিষ্যতে এ ধরনের অনিয়ম থেকে বিরত থাকার অঙ্গীকার করে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় পরিচালিত এই অভিযানে স্থানীয় ব্যবসায়ীদের সঠিক মূল্যে পণ্য বিক্রি, ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ এবং মেয়াদোত্তীর্ণ পণ্য বর্জনের কঠোর নির্দেশনা দেওয়া হয়। জনস্বার্থে ভোক্তা অধিকারের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের

বিষয়ে তিনি সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলেন। এ সময় হাসপাতালের চিকিৎসাসেবা ও খাবারের মান উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয় সংসদ সদস্য মাসুদ সাঈদী।

‘দরকষাকষি করে ঘুষ নেওয়া’

তাকে সাচড়া ইউনিয়ন ভূমি অফিস থেকে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সংযুক্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করা হয়েছে। এর আগে সাচড়া ইউনিয়ন ভূমি অফিসে খতিয়ানের তথ্য সংগ্রহ করতে গিয়ে অর্থ দেওয়ার অভিযোগে তোলেন স্থানীয় বাসিন্দা সবুজ মুসলমান। অভিযোগকারী সবুজ মুসলমান জানান, গত বৃহস্পতিবার (৮ অক্টোবর) সাচড়া ইউনিয়ন ভূমি অফিসে দাগ নম্বর দিয়ে এসএ খতিয়ান খুঁজতে যান তিনি। এ সময় অফিস সহায়ক হিসেবে পরিচয় দেওয়া মো. রাকিব তাকে জানান, খতিয়ান খুঁজে দিতে কয়েক দিন সময় লাগবে এবং কাজটি বামেলায়। একপর্যায়ে কিছু টাকা দিলে খতিয়ান খুঁজে দেওয়ার কথা বলেন তিনি। পরে সার্চি ফি হিসেবে রাকিবকে ৩০০ টাকা দেন সবুজ। এরপর ১৮টি খতিয়ানের তথ্য পাওয়া যায়। সবুজ জানান, ওই খতিয়ানগুলোর কপি পাওয়া যাবে কি না জানতে চাইলে দেওয়া যাবে বলে জানান রাকিব এবং তাকে রোববার অফিস যেতে বলেন।

সেদিন অফিসে গেলে ইউনিয়ন উপপ্রহকারী ভূমি কর্মকর্তা বজলুর রহমান জানান, ওই খতিয়ান দেওয়ার নিয়ম তাদের নেই। তবে প্রতিটি খতিয়ানের জন্য ২০০ টাকা করে মোট ১১ হাজার ৮০০ টাকা দিলে তা দেওয়া সম্ভব বলে জানান তিনি। এ নিয়ে ‘দরকষাকষির’ একপর্যায়ে ১ হাজার ৫০০ টাকা দাবি করেন ওই কর্মকর্তা। পরে ১১ হাজার টাকা দিলে অফিস সহায়ক রাকিব খতিয়ানের নথির ছবি তুলে একটি কম্পিউটারের দোকানির কাছে পাঠান। সেখান থেকে প্রিন্ট করে আনতে বলা হয় সবুজকে। পরে কম্পিউটারের দোকানে আরও ১০০ টাকা দিয়ে ১৮টি খতিয়ানের মধ্যে ১৬টির কপি সংগ্রহ করেন তিনি। বাকি দুটি খতিয়ান দেওয়া হয়নি। সেগুলো দিতে আবার গলে তাকে সোমবার আনতে বলা হয়। তবে সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত অপেক্ষা করেও সংশ্লিষ্ট কর্মকর্তাকে পাননি বলে অভিযোগ করেন সবুজ। তিনি আরও জানান, ভূমি অফিসের সংশ্লিষ্ট ব্যক্তিরা টাকা নিলেও কোনো রসিদ দেননি। শুধু তিনি নন, তার মতো আরও অনেকে উপপ্রহকারী টাকা দিয়ে সোনা নেন। দীর্ঘদিন ধরে খাজনা, খতিয়ান ও নামজারির নামে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ রয়েছে ওই অফিসের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে। অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তা মো. বজলুর রহমানের বক্তব্য জানতে চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। তবে তার ব্যক্তিগত সহকারী পরিচয় দেওয়া মো. রাকিব অভিযোগকারীর কাছ থেকে ৩০০ টাকা নেওয়ার কথা স্বীকার করেন। তার দাবি, ওই টাকা কোনো সরকারি ফি নয়; অভিযোগকারী খুশি হয়ে তাকে দিয়েছেন। বোরহানউদ্দিন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. রিফাত হোসেন বলেন, টাকা লেনদেনের একদি ভিত্তিও তাদের নজরে এসেছে। এ ঘটনায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে শোকজ করা হয়েছে এবং তাকে সাচড়া ইউনিয়ন ভূমি অফিস থেকে বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অফিস আদেশে বজলুর রহমানকে ওই দিন বিকেলে বর্তমান কর্মস্থল থেকে তাত্ক্ষণিকভাবে অবমুক্ত হওয়ার নির্দেশ দেওয়া হয়।

দেশপ্রেমের জায়গা থেকে আবহমান

কাজ করে যাছি। এমনয় থিকে আরো বলেন,কিছু দুষ্টভিকারী,পকেটমারদের কারনে সারা দেশে দু একটি বিচ্ছিন্ন নিচায় ঘটে থাকে যা কায়ম নয়। পূজা শেষ হওপার্যন্ত অপমানদের নিচায় ‘বেছােসবকসহ আয়োজকবন্দ’ একই সতর্ক থাকলে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটর সুবেগ থাকবেন। তাই সকলেই একাবল্যে প্রচেষ্টায় সৃষ্ট ও শান্তিপূর্ণ সত্যে এ উৎসব সম্পন্ন করায় জন্য চেষ্টা করব। এসময় মদন মোহন মন্দিরে মূর্শশিল্পী সারথি কুমার সরকার এবং শিশু শিল্পী সিধু সরকারের নিখুঁত কাঙ্কের প্রশংসা করেন প্রধান অতিথি এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, পিরোজপুর পুলিশ সুপার মো. তালেবুর রহমান, ভাড়াটিয়া উপক্লেলিনিবাহী অফিসার মো. হাদিসুল হাসান, অতিরিক্ত পুলিশ সুপার (মহাবাঘিয়া সার্কেল) পাণ্ডু চন্দ্রবর্তী, অতিরিক্ত পুলিশ সুপার (পিরোজপুর সার সার্কেল) নাসির জাহান, ভাড়াটিয়া থানার অফিসার ইন্চার্জ দেওয়ান জগলুল হাসান, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মো.দেওয়ানার হোসেন বিপ্লব, মদন মোহন মন্দির কমিটির সভাপতি সজ্জা দেবনাথ,সাধারণ সম্পাদক তপন চন্দ্র দাস, ভারাবুনিয়া মন্দির কমিটির সভাপতি রমণী মুখা,সাধারণ সম্পাদক ইন্দ্রজিৎ হালদার প্রমুখ।

যুবলীগ নেতার বাবা পেলেন সারের

দেওয়া হয়েছে, তার ভ্রেত চন্দ্রশীল ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক। তার পরিবারের সবাই আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত। তাকে ডিলার নিয়োগ দেওয়ায় কৃষকেরা ন্যায্যমূল্যে সার পাবেন না বলে আবার আশঙ্কা। আমরা মতে, তার ডিলারশিপ বাতিল করা উচিত।’ বিএনপি নেতা জামাল মাঝি বলেন, ‘আওয়ামী লীগের ১৭ বছরের শাসনামলে চন্দ্রশীলে যাদের কারণে বিএনপির নেতাকর্মীরা নির্বাতন ও মামলা-হয়রানির শিকার হয়েছে। তাদের মধ্যে যুবলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান অন্যতম। তার বাবা আব্দুর রহিম খানকে সারের ডিলার নিয়োগ দেওয়ায় আরাহ হতান। এ বিষয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কাননা করছি।’ বাউফল উপজেলা বিএনপির সদস্যসচিব আপেল মাহমুদ ফিরোজ বলেন, ‘প্রশাসনের মধ্যে ঘাপটি মেরে থাকা আওয়ামী লীগের দোসররা সারের ডিলার নিয়োগে দুনীতি করেছে। তাদের চিহ্নিত করে জবাবদিহি আওতাঘর আনা উচিত বলে আমি মনে করি।’

অভিযোগের বিষয়ে জানানতে সারের ডিলার মো. আব্দুর রহিম খানের একাধিকবার যোগাযোগ করা হলেও তার বক্তব্য পাওয়া যায়নি। তার ছেলে সিদ্দিকুর রহমানের মুঠোফোনে কল করা হলে সেটি বন্ধ পাওয়া যায়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ‘সার ডিলার নিয়োগের নিয়ম-নীতিমাল্য ২০২৫’ এবং ‘সার ডিলার নিয়োগ ও সমন্বিত সার ব্যবস্থাপনা ২০২৬’ অনুযায়ী ডিলার নিয়োগের জন্য জেলা কমিটি বিজ্ঞপ্তি প্রকাশ করে। প্রথম দফায় বাউফল থেকে ৭৩ জন আবেদন করেন। পরে আবেদনের সময়সীমা বাড়িয়ে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে আরও ৫৫ জন আবেদন করেন। দুই দফায় মোট আবেদনকারীর সংখ্যা দাঁড়ায় ১০৮ জনে। আবেদনগুলো যাচাই-বাছাইয়ের জন্য জেলা কমিটি উপজেলা কমিটিরা করে পাঠানো হয়। উপজেলা কমিটি বিধি অনুযায়ী আবেদনগুলো যাচাই করে পুনরায় জেলা কমিটির কাছে পাঠান। পরে জেলা কমিটি প্রতিটি ইউনিয়ন থেকে তিনজনের নাম সুপারিশ করে মন্ত্রণালয়ে পাঠায়। সেখান থেকে ইউনিয়নভিত্তিক একজন করে মোট ১৬ জনের নিয়োগ চূড়ান্ত করা হয়। এ বিষয়ে বাউফল উপজেলা যুগ্ম সম্প্রদায়ক কর্মকর্তা মো. মিলন বলেন, ‘জেলা কমিটি আবেদনগুলো যাচাই-বাছাইয়ের জন্য উপজেলা কমিটির কাছে পাঠায়। আমরা বিধি অনুযায়ী সরেজমিনে যাচাই-বাছাই করে সেগুলো পুনরায় জেলা

কমিটির কাছে পাঠিয়েছি।

পরবর্তী কার্যক্রম জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে সম্পন্ন করে মন্ত্রণালয়ে পাঠানো হয়।

মন্ত্রণালয় থেকে

ইউনিয়নভিত্তিক নিয়োগ চূড়ান্ত করা হয়েছে।

নিষিদ্ধ সংগঠনসহ নানা

সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেলিমা রহমান প্রশাসনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি বলেন, দেশের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা করে কাঙ্ক্ষিত উন্নয়ন নিশ্চিত করতে প্রশাসনের কর্মকর্তাদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পটুয়াখালী জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক স্লেহাঙ্গুর সরকার কুট্রি, জেলা বিএনপির সাধারণ সম্পাদক মজিবুর রহমান টোটন এবং সাবেক সংসদ সদস্য শহিদুল আলম তালুকদার। সভায় উপজেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাও উপস্থিত ছিলেন।

পিরোজপুরে প্রাণিসম্পদ

সাতটি পদ শূন্য রয়েছে। বর্তমানে মাত্র তিনজন জনবল দিয়ে দায়ত্বরিক কার্যক্রম চলেছে। উপজেলাগুলোর মধ্যে পিরোজপুর সদর দফতরের ১১টি পদের মধ্যে নয়াটিই শূন্য। মাত্র দুজন কর্মচারী দিয়ে চলছে কার্যক্রম। জি্যানগপুরে আটটি পদ শূন্য থাকায় তিনজনকে দিয়ে চিকিৎসাসেবা চালানো হচ্ছে। শাজিরপুরের ছয়জন কর্মরত থাকলেও শূন্য রয়েছে পাঁচটি পদ। মঠবাড়িয়ায় আটটি পদ শূন্য, সেখানে মাত্র তিনজন দিয়ে হাসপাতাল পরিচালিত হচ্ছে। ভাড়াটিয়ায় ১১টি পদের মধ্যে নয়টি শূন্য; কর্মরত আছেন মাত্র দুজন। কাউখালী ও নেছারাবাদে আটটি করে পদ শূন্য রয়েছে। দুই উপজেলাতেই মাত্র তিনজন করে দায়িত্ব পালন করছেন। জেলা প্রাণিসম্পদ দফতরের তথ্যানুযায়ী, পিরোজপুরে গাভির খামার রয়েছে ৭৪২টি, গরু মোটাতাজকরগের খামার ২১৬টি, ছাগলের খামার ৩৩২টি এবং মহিষের খামার ২৭টি। এ ছাড়া কোয়ার মুরগির খামার ৯৯১টি, ব্রয়লার ৩২২টি, সোলালি মুরগির খামার ১৭২টি, হাঁসের খামার ১৩৪টি এবং কবুতরের খামার রয়েছে ৩৬টি। পরিসংখ্যান অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে জেলায় ১ লাখ ৬২ হাজার মেট্রিক টন দুধ, ১ লাখ ২৫ হাজার মেট্রিক টন মাংস এবং ১৬ লাখ ৮৭ হাজার ডিম উৎপাদিত হয়েছে। বিপুলসংখ্যক খামার ও উৎপাদনের বিপরীতে সরকারি প্রাণিচিকিৎসা সেবার জনবলসংকট থাকায় জোগাড়িতে পড়ছেন খামারি ও সেবাাধীরা। পিরোজপুর শহরের মজলপাড়ার বাসিন্দা মাহবুব হোসেন বলেন, প্রাণিসম্পদ হাসপাতালে গেলে নিয়মিত চিকিৎসক পাওয়া যায় না। পরে জানতে পারেন, চিকিৎসকের পদ শূন্য। দ্রুত নিয়োগের মাধ্যমে পদস্থলে পূরণ করতে কর্তৃপক্ষের প্রতি দাবি জানান তিনি। জি্যানগপুর উপজেলার কলেজশিক্ষার্থী মো. শিহাব হাওলাদার বলেন, অসুস্থ পোষা বিড়াল নিয়ে হাসপাতালে এসে তিন ঘণ্টা অপেক্ষা করেছেন। কিন্তু একজন চিকিৎসক উপজেলায় একটি কর্মসূচিতে যাওয়ায় তাকে চিকিৎসাসেবা দেওয়া সম্ভব হয়নি। পর্যায় চিকিৎসক থাকলে এমন জোগাড়ি হতো না বলে মনে করেন তিনি। ইন্দুরকারী প্রেসসক্সের সদস্য মো. আল আমিন বলেন, এলাকার মানুষ হাঁস-মুরগি ও গবাদিপশু পালনে আগ্রহী হয়েছে। কিন্তু মাত্র দুই থেকে তিনজন কর্মী দিয়ে একটি উপজেলার চিকিৎসা চালানো কঠিন। দ্রুত ভারপ্রাপ্ত কর্মকর্তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে পূর্ণাঙ্গ জনবল নিয়োগের ব্যবস্থা করা প্রয়োজন। পিরোজপুর সদর উপজেলার কদমতলা এলাকার খামারি মো. জাফরিকার খানের ২০ থেকে ২৫টি গরু রয়েছে। তিনি বলেন, গরু অসুস্থ হলে হাসপাতালে চিকিৎসক পাওয়া যায় না। বাধা হয়ে বেসরকারি চিকিৎসকের কাছে যেতে হয়। এতে বাড়তি টাকা ও সময় ব্যয় হয়। সদর উপজেলা প্রাণিসম্পদ দফতরের স্ট্রোর কার্তিক চন্দ্র হাওলাদার বলেন, ১১ জনের কাজ করছেন মাত্র দুজন। এতে সেবা দিতে প্রচণ্ড কষ্ট হচ্ছে। এর সঙ্গে রয়েছে ভবনের জরাজীর্ণ অবস্থা। একটি বৃষ্টি হলেই ছাদ চুইয়ে পানি পড়ে। মঠবাড়িয়া উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোহা. নূর আলম বলেন, ওয়ুরের সংকট না থাকলেও ঝরোকের ঝম জবনল দিয়ে এত বড় উপজেলায় সেবা দেওয়া কঠিন। জনবলসংকটের কারণে মাঠপর্যায়ে চিকাদানা, বিনা মূল্যে চিকিৎসা ক্যাম্প ও উঠান বৈঠকের মতো কার্যক্রমেও গতি আনা যাচ্ছে না। জি্যানগপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. মো. মহিউদ্দিন বলেন, রাজস্ব খাতের ১১টি পদের মধ্যে আটটিই শূন্য। একা মাঠপর্যায়ের কাজ ও কার্যালয়ের দায়িত্ব সামলাতে গিয়ে সেবার মান ধরে রাখা কঠিন হয়ে পড়েছে। সম্প্রতি প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় ওই প্রকল্পের চার-পাঁচজন কর্মীও চলে গেছেন। এতে জনবলসংকট আরও বেড়েছে। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. তরুণ কুমার সিকদার বলেন, জেলা কার্যালয়সহ সাতটি উপজেলায় তীব্র জনবলসংকট রয়েছে। এতে জেলাজুড়ে সার্বিক কার্যক্রম পরিচালনার বিঘ্ন ঘটছে। তবু বিদ্যমান জনবল দিয়ে সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা চলছে। জেলা কার্যালয়ের সংযোগ সড়কের বেহাল বাধা এবং সদর দফতরের জরাজীর্ণ ভবন মেয়ামতের বিষয়েও উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। জনবল নিয়োগ ও অবকাঠামোগত উন্নয়ন হলে সেবার মান স্বাভাবিক হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

সৌদি আরবে নতুন করে

ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবের বেসামরিক প্রতিরক্ষা বিভাগের এক মুখপাত্র জানিয়েছেন, রিয়াদের আকাশে ক্ষেপণাস্রোতি প্রতিহত ও ধ্বংস করার পর এর ধ্বংসাবশেষ নিচে পড়ার খবর পেয়ে উদ্ধার ও নিরাপত্তা দল ঘটনাস্থলে যায়। সরকারি সংবাদ সংস্থা এসপিএর বরাতে ওই মুখপাত্র বলেন, এ ঘটনায় একজন আরব নাগরিক আহত হয়েছেন। পাশাপাশি একটি আবাসিক ভবনও একটি গাড়ির সামান্য ক্ষয়ক্ষতি হয়েছে। গত এক সপ্তাহে সৌদি আরবে ছুঁধি বিরোধীদের হামলা বেড়েছে। এর মধ্যে গত শনিবার রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে হামলার ঘটনায় ১৩ জন নিহত হন। ধারাবাহিক এসব হামলায় দেশটির গুরুত্বপূর্ণ স্থানা ও জননিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ছে।

ডিজেল সংকট থাকতে পারে

পৌছানোয় এ সংকট দীর্ঘস্থায়ী হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) প্রকাশিত সংস্থাটির মাসিক তেলবাজার প্রতিবেদনে বলা হয়েছে, জ্বালানি অবকাঠামোয় হামলা এবং পরিশোধন সক্ষমতা কমে যাওয়ায় ডিজেল উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়েছে। এর ফলে গত সপ্তেন্টের পরে অপরিশোধিত তেলের তুলনায় ডিজেল পরিশোধনের মূল্যায়র ব্যবধান ব্যারেলপ্রতি প্রায় ৯৫ ডলারে পৌঁছায়, যা রেকর্ড। আইইএ বলেছে, ডিজেলের রেকর্ড দাম এরই মধ্যে বিঘ্ন অর্থনীতিতে ব্যাপক প্রভাব ফেলেছে। পণ্য উৎপাদন ও পরিবহনের খরচ বাড়ায় বিভিন্ন পণ্যের দামও বাড়ছে। এতে মানুষের প্রকৃত আয়, অর্নৈতিক কর্মকাণ্ড এবং মূল্যস্ফীতির ওপর চাপ তৈরি হচ্ছে। আইইএর পূর্বসঙ্গ অনুযায়ী, চলতি বছরের শেষ দিকে বিশ্বের বিভিন্ন তেল শোধনাগারের কার্যক্রম স্বাভাবিক হতে শুরু করতে পারে। এতে জ্বালানির মজুত আবার বাড়ার সুযোগ তৈরি হবে। তবে চলতি বছরে মধ্যম ঘনত্বের জ্বালানির বাজারে গিয়ে ঘাটতি তৈরি হয়েছে, উৎপাদন বাড়লেও তা পূরণ করা সম্ভব হবে না। ডিজেল, গ্যাস অয়েল ও ডিজোজাহাজের জ্বালানি সাধারণত মধ্যম ঘনত্বের জ্বালানি হিসেবে পরিচিত। এদিকে দাম নিয়ন্ত্রণের রাখতে আইইএর সদস্যদেশগুলো জরুরি মজুত থেকে ১০ কোটি ব্যারেল তেল ও ডিজেল ছাড়ার বিষয়ে সমঝা করছে। শিল্প, কৃষি ও পরিবহন খাতে ব্যাপকভাবে ব্যবহৃত হওয়ায় ডিজেলের



নেছারাবাদে নজরুলবর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করা হচ্ছে

-কীর্তনসোমা

দাম বাড়তে থাকায় দেশগুলোর ওপর রাজনৈতিক ও অর্থনৈতিক চাপও বাড়ছে। সংস্থাটির হিসাবে, গত সপ্টেম্বরের মধ্যপ্রাচ্য ও রাশিয়া থেকে ডিজেল রপ্তানি সিম্বলিতিভাবে দৈনিক ১৩ লাখ ব্যারেল কমেছে। আইইএ জানিয়েছে, দীর্ঘ সময় ধরে সরবরাহ ব্যাহত হওয়ায় ডিজেলের বাজারে তীব্র চাপ বজায় রয়েছে। শরৎকালে তেল শোধনাগারের নিয়মিত রক্ষাব্যবস্থা এবং শীতকালে চাহিদা বেড়ে যাওয়ার আগেই মজুত কমে যাচ্ছে। সাধারণত এ সময়ে মজুত বাড়ার কথা থাকলেও এবার উদ্বেগ পরিস্থিতি দেখা যাচ্ছে। আইইএর পূর্বসঙ্গ অনুযায়ী, ২০২৬ সালে বিশ্বে তেলের মোট চাহিদা দৈনিক ২৬ লাখ ব্যারেল কমতে পারে। এর প্রায় ২৫ শতাংশ কমবে ডিজেলের চাহিদা থেকে। অন্যদিকে, চলতি বছর বিশ্বে তেলের সরবরাহ দৈনিক ৫৮ লাখ ব্যারেল কমে যাওয়ার আশঙ্কা করছে সংস্থাটি। তবে ২০২৭ সালে সরবরাহ আবার বাড়তে পারে। সে বছর দৈনিক ৭৫ লাখ ব্যারেল সরবরাহ বৃদ্ধির পূর্বভাস দিয়েছে আইইএ। এতে বিশ্ববাজারে তেলের চাহিদার তুলনায় সরবরাহ বেশি হওয়ার পরিস্থিতি ফিরে আসতে পারে। বুধবার আন্তর্জাতিক বাজারে তেলের দামে বড় পরিবর্তন দেখা যায়নি। ব্রেট অপারেশনকে তেলের দাম ছিল ব্যারেলপ্রতি প্রায় ১০৫ দশমিক ৮০ ডলার, যা আগের দিনের তুলনায় শূন্য দশমিক ১ শতাংশ বেশি।

বর্ষা শেষেও কমেনি ডেঙ্গুর প্রকোপ, ঝালকাঠিতে আক্রান্ত আড়াই হাজার

ঝালকাঠি প্রতিনিধি

বর্ষা মৌসুম শেষ হলেও ঝালকাঠিতে ডেঙ্গুর প্রকোপ কমেনি। চলতি বছরের শুরু থেকে ১৩ অক্টোবর পর্যন্ত জেলায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে সরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ৪৭৩ জন। তাদের মধ্যে একজনের মৃত্যু হয়েছে। বর্তমানে জেলার ৪টি সরকারি হাসপাতালে ৩৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন রয়েছেন। গত ২৪ ঘণ্টায় নতুন করে ভর্তি হয়েছেন ১২ জন। একই সময়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৪ জন। মঙ্গলবার (১৩ অক্টোবর) ঝালকাঠির সিভিল সার্জন কার্যালয় থেকে এসব তথ্য জানা গেছে। তবে বেসরকারি ক্লিনিক ও হাসপাতালে চিকিৎসা নেওয়া রোগীদের হিসাব যুক্ত না থাকায় জেলায় ডেঙ্গুতে আক্রান্তের প্রকৃত সংখ্যা আরও বেশি হতে পারে। ‘স্বাস্থ্য বিভাগের তথ্য’ অনুযায়ী, ঝালকাঠি শহরের কয়েকটি এলাকাতে ডেঙ্গুর উচ্চবৃ্ত্তিকর্প হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে রয়েছে কলাবাগান, বাঁশপাট, কাঠপাট, সিটি পার্ক এলাকা, ফকিরবাড়ি, স্টেশন রোড ও বান্দ্যপাট এলাকা। বর্ষা মৌসুম শেষ হলেও বিভিন্ন স্থানে জমে থাকা পানি, খাল-নালায় পানির স্বাভাবিক প্রবাহ ব্যাহত হওয়া এবং অপরিকল্পিতভাবে আবর্জনা ফেলার মশার বংশবিস্তারের অনুকূল পরিবেশ তৈরি হচ্ছে। এ ছাড়া বাড়ির ছাদ, ফুলের টব, পানির পাত্র ও পরিত্যক্ত সামগ্রীতে জমে থাকা পানিতে এডিস মশা বংশবিস্তার করতে পারে। এসব কারণে মৌসুম পরিবর্তনের পরও ডেঙ্গুর ঝুঁকি থেকে যাচ্ছে। জেলার ৪টি সরকারি হাসপাতালের মধ্যে পিরোজপুর হাসপাতালে বর্তমানে ৯ জন ডেঙ্গু রোগী ভর্তি রয়েছেন। এ ছাড়া রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১৪ জন, কাঠালিয়ায় ৭ জন এবং নলছিটিতে ৪ জন চিকিৎসাধীন রয়েছেন। সদর হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডে চিকিৎসাধীন থাকরুল ইসলাম বলেন, জ্বর হওয়ার পর হাসপাতালে আসি। চিকিৎসকের পরামর্শে পরীক্ষা করলে ডেঙ্গু শনাক্ত হয়। পরে চিকিৎসকদের পরামর্শে হাসপাতালে ভর্তি হয়েছি। এখানে ডেঙ্গু রোগীর অনেক ভিড়। স্থানীয় বাসিন্দা শাহ আলম খলিফা বলেন, ডেঙ্গু প্রতিরোধে শুধু পৌরসভার মশকনিধন কার্যক্রমের ওপর নির্ভর করলে হবে না। বাসাবাড়ি, সড়ক ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখতে হবে। কোথাও পানি জমে থাকলে তা সরিয়ে ফেলতে হবে। পাড়া-মহল্লার মানুষ সিম্বলিতভাবে উদ্যোগ নিলে মশার প্রজননস্থল কমানো সম্ভব। ঝালকাঠি সদর হাসপাতালের আবাসিক মেডিকেল কর্মকর্তা (ভারএমও) ডা. টি এম মেহেন্ী হাসান সানি বলেন, ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার প্রজননস্থল ধ্বংস করা জরুরি। বাড়ির ছাদ, ফুলের টব, পানির পাত্র ও পরিত্যক্ত সামগ্রীতে পানি জমতে দেওয়া যাবে না। জ্বর হলে অবহেলা না করে চিকিৎসকের পরামর্শ নিতে হবে। বিশেষ করে তীব্র পেটবাথা, বারবার বমি, রক্তপাত বা অতিরিক্ত দুর্বলতা দেখা দিলে দ্রুত হাসপাতালে যেতে হবে। ঝালকাঠি সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক মাসুম ইয়েতহার বলেন, ডেঙ্গুর উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসা নেওয়া জরুরি। রোগীর অবস্থা জটিল হওয়ার আগেই চিকিৎসকের পরামর্শ নিতে হবে। ডেঙ্গু রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে হাসপাতালের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। ঝালকাঠি পৌরসভার প্রশাসক জুলিয়া সুকায়না বলেন, ডেঙ্গু প্রতিরোধে পৌরসভার পক্ষ থেকে পরিচ্ছন্নতা ও মশকনিধন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তবে শহরের প্রতিটি এলাকায় এসব কার্যক্রম কার্যকর করতে নাগরিকদের সহযোগিতা প্রয়োজন। বাড়ির আশপাশে পানি জমতে না দেওয়া, আবর্জনা নির্ধারিত স্থানে ফেলা এবং খাল-নালা পরিষ্কার রাখার বিষয়ে সবাইকে সচেতন হতে হবে।

সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ুন কবির বলেন, ডেঙ্গু প্রতিরোধে স্বাস্থ্য বিভাগের নির্দেশনা মেনে চললে পাশাপাশি জ্বর হলে দ্রুত পরীক্ষা ও চিকিৎসা নিতে হবে। বাড়ি ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখতে হবে এবং মশার প্রজননস্থল ধ্বংস করতে হবে। ডেঙ্গু রোগীদের চিকিৎসায় হাসপাতালগুলোতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের

ডিজেল সংকট থাকতে পারে ২০২৭ সাল পর্যন্ত

কীর্তনখোলা ডেস্ক

ডিজেলের সরবরাহ সংকট ২০২৭ সাল পর্যন্ত থাকতে পারে বলে সতর্ক করেছে আন্তর্জাতিক জ্বালানি সংস্থা (আইইএ)। মধ্যপ্রাচ্য ও রাশিয়ার সংঘাতের কারণে জ্বালানি উৎপাদন ব্যাহত হওয়া এবং ডিজেলের দাম রেকর্ড পর্যায়ে ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মতত্ত্বীয় প্রতিদিন

বরিশাল ৯ বৃহস্পতিবার ৯ ১৫ অক্টোবর ২০২৬ ৯ ৩০ আশ্বিন ১৪৩৩

সৌদি আরবে নতুন করে ক্ষেপণাস্ত্র হামলা

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবের রাজধানী রিয়াদে ছবি বিদ্রোহীদের ছোড়া একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র আকাশেই প্রতিহত করার পর এর ধ্বংসাবশেষ পড়ে এক ব্যক্তি আহত হয়েছেন। এ ঘটনায় একটি আবাসিক ভবন ও একটি গাড়িও সামান্য ৩ এর পাতায় দেখুন



দেশপ্রেমের জায়গা থেকে আবহমান সংস্কৃতি ধরে রাখবো: ডিআইজি

ভাঙ্গারিয়া প্রতিনিধি

দেশ প্রেমের জায়গা থেকে, মোহন জিউ মন্দির এবং ডিআইজি মন্দির থেকে মুসলিম, হিন্দু সম্প্রদায়ের আবহমান সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধনকে আমরা অটুট রাখতে কাজ করে যাচ্ছি। বরিশাল রেঞ্জ ডিআইজি(উপ-মহাপরিদর্শক) মো.জুবাককার আলী হায়দার মঙ্গলবার রাতে পিরোজপুরের

ভাঙ্গারিয়া উপজেলা কেন্দ্রীয় মদন উপজেলার ১নম্বর ভিটাবাড়িয়া ইউনিয়নের মেদিরাবাদ তারাবুনিয়া গ্রামের স্বর্গীয় শ্রীনাথ মুখা সার্বজনীন দুর্গা মন্দির পরিদর্শন করেন। মেদিরাবাদ মন্দির পরিদর্শন শেষে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। আর কয়েকদিন পর ধর্মীয়

ভাবতান্ত্রিকের মধ্য দিয়ে হিন্দু সম্প্রদায়ের বছরের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব দুর্গা পূজা অনুষ্ঠিত হবে। পূজাকে ঘিরে ইতো মধ্যেই প্রতিমা তৈরি, সাজসজ্জাসহ আনুষঙ্গিক কাজপ্রায় সমাপ্ত হয়েছে। আপনাদের প্রত্নত্বের আগেই আমাদের পুলিশ প্রশাসনের পক্ষ থেকে ভরিং গতিতে ৩ এর পাতায় দেখুন

অন্তঃপদ্ধত্বে মারধর ও নবজাতকের মৃত্যু: প্রধান আসামি প্রেক্ষতার

কীর্তনখোলা রিপোর্ট পটুয়াখালীর কলাপাড়ায় গর্ভবতী নারীকে মারধর, তাঁর গর্ভের সন্তানের মৃত্যু, নগদ টাকা ছিনিয়ে নেওয়া এবং পরিবারের অন্যান্য সদস্যদের হত্যাচেষ্টাসহ একাধিক গুরুতর অভিযোগে দায়ের করা মামলার পলাতক প্রধান অভিযুক্ত মোঃ সোহাগ সিকদারকে (২৮) প্রেস্তার করেছেন স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮ গত ১৩ অক্টোবর রাতে বরিশাল জেলার বাকেরগঞ্জ থানাদ্বীন রহুলী এলাকায় অভিযান চালিয়ে তাঁকে প্রেস্তার করা হয়। প্রেস্তারকৃত সোহাগ সিকদার পটুয়াখালীর কলাপাড়া থানাদ্বীন চাকামইয়া গ্রামের মোঃ ফোরকান সিকদারের ছেলে। এসআরবি-৮-এর সিপিএ-১, পটুয়াখালী ক্যাম্প ও সদর কোম্পানি, বরিশালের যৌথ অভিযানিক দল অভিযানটি পরিচালনা করে। মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ২৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অভিযুক্তরা সোহার রড, কাঠের চেরা ও ইট দিয়ে মোছাঃ তানিয়া বেগম ও তাঁর স্বামীকে মারধর করে গুরুতর আহত করেন। এ সময় তাঁদের কাছ থেকে নগদ ১ লাখ ৫ হাজার টাকা ছিনিয়ে নেওয়া এবং তানিয়া বেগমকে প্রায় দুই ঘণ্টা আটকে রাখার অভিযোগও ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা ডেস্ক

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিলে A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

পিরোজপুরে প্রাণিসম্পদ বিভাগে ৭১ শতাংশ পদ শূন্য, ভোগান্তিতে খামারিরা

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে প্রাণিসম্পদ বিভাগের তীব্র জনবলসংকটে ব্যাহত হচ্ছে সরকারি পশুচিকিৎসা ও দাফতরিক কার্যক্রম। জেলা প্রাণিসম্পদ দফতরসহ সাভাটি উপজেলা প্রাণিসম্পদ দফতর ও

ভেটেরিনারি হাসপাতালের ৮৭টি মঞ্জুরকৃত পদের বিপরীতে কর্মরত আছেন মাত্র ২৫ জন। অর্থাৎ শূন্য রয়েছে ৬২টি পদ, যা মোট পদের প্রায় ৭১ শতাংশ। সীমিত জনবল দিয়ে সেবা দিতে গিয়ে হিমশিম খাচ্ছেন কর্মরত ব্যক্তিরা। অন্যদিকে সরকারি

হাসপাতালে চিকিৎসক না পেয়ে বাড়তি টাকা খরচ করে বেসরকারি চিকিৎসকের কাছে যেতে হচ্ছে খামারি ও সাধারণ মানুষকে। জেলা প্রাণিসম্পদ দফতরের তথ্য অনুযায়ী, জেলা কার্যালয়ে কর্মকর্তা ও কর্মচারী মিলিয়ে ৩ এর পাতায় দেখুন

যুবলীগ নেতার বাবা পেলেন সারের ডিলারশিপ বিএনপি নেতাকর্মীদের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে চন্দ্রখীপ ইউনিয়নে সারের ডিলারশিপ পেয়েছেন মো. আব্দুর রহিম খান। তিনি ইউনিয়ন ছাত্রলীগের সাবেক আহ্বায়ক ও বর্তমানে যুবলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমানের বাবা। এ ঘটনায়



সিদ্দিকুর রহমান ও তার অনুসারীদের হাতে বিএনপির অনেক নেতাকর্মী নির্বাচনের শিকার হয়েছেন। তাদের বিরুদ্ধে মামলা দিয়ে হয়রানি করার অভিযোগও রয়েছে। এমন পরিস্থিতিতে সিদ্দিকুরের বাবাকে সারের ডিলার নিয়োগ দেওয়ায়



স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের খোঁজখবর নিলেন মাসুদ সাঈদী

নাঙ্গিরপুর প্রতিনিধি

নাঙ্গিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করেছেন পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য ও জামায়াত নেতা মাসুদ সাঈদী। বুধবার (১৪ অক্টোবর) বিকেলে তিনি হাসপাতালটি আকস্মিক পরিদর্শন করেন। মাসুদ সাঈদী এ সময় চিকিৎসাধীন রোগীদের খোঁজখবর নেন এবং তাদের চিকিৎসাসেবা ও খাবারের মান সম্পর্কে অবগত হন। পরিদর্শনকালে সংসদ সদস্য রোগীদের সঙ্গে কথা বলেন এবং হাসপাতালের সার্বিক পরিবেশ, চিকিৎসাসেবার মান ও খাবারের বিষয়ে খোঁজ নেন। পরে রোগীরা যাতে যথাযথ চিকিৎসাসেবা পান এবং মানসম্মত খাবার নিশ্চিত হয়, সে ৩ এর পাতায় দেখুন



প্রধান শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীদের সাথে অসদাচরণের অভিযোগ

রাজাপুর প্রতিনিধি

বালকাটির রাজাপুর সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. শহিদুল্লাহ খানের বিরুদ্ধে শ্রেণিকক্ষে ছাত্রীদের উদ্দেশ্যে অশোভন মন্তব্য ও অসদাচরণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় প্রতিষ্ঠান নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে লিখিত অভিযোগ দিয়েছেন দশম শ্রেণির কয়েকজন ছাত্রীরা অভিভাবক। অভিযোগের অলুপি সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তাদের কাছেও পাঠানো হয়েছে। তবে অভিযোগগুলো মিথ্যা ও ভিত্তিহীন বলে দাবি করেছেন ওই শিক্ষক। অভিভাবকদের ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.জি. দি রব্বি

এমবিবিএস(চাক্ষুণ্ডি ও ডিএমসি) এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন অরবিস(আমেরিকা বোইজিং চীন) এনআইও(চাক্ষুণ্ডি) অরবিস(চীন) ফেলো, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা ও এস.বি. ন্যাশনাল কনফারেন্স ও সেরা চিকিৎসা পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিভাগীয় প্রধান: সের. ই. বহনো প্রতিষ্ঠানের প্রধান হাসপাতাল (এক্স) বরিশাল হাসপাতাল এলাকায় প্রতিষ্ঠানের প্রধান ও হাসপাতাল পরিদর্শন

বরিশাল চক্ষু: মেঘা ডায়াগনস্টিক ল্যাব

৪০ সের. রোড (হোটেল দলী ইন্ডা এর বিপরীতে) বরিশাল। পরিদর্শনের জন্য ০১৭০৯০৯০৯০৯, ০১৭০৯০৯০৯

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় খুলনা, চট্টগ্রাম ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ সময়ের সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। বুধবার (১৪ অক্টোবর) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ আফরোজা সুলতানার দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সকাল ৯টার মধ্যে খুলনা, চট্টগ্রাম ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। বৃহস্পতিবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় খুলনা ৩ এর পাতায় দেখুন



নিষিদ্ধ সংগঠনসহ নানা চ্যালেঞ্জ মোকাবিলা করছে সরকার: সেলিমা রহমান

বাউফল প্রতিনিধি

বাংলাদেশ একটি ধ্বংসাত্মকের মধ্যে দাঁড়িয়ে আছে উল্লেখ্য করে বাংলাদেশ জাতীয় সংসদের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সংসদ সদস্য সেলিমা রহমান বলেছেন, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর থেকেই নানা চ্যালেঞ্জের মুখে পড়ছেন। এর মধ্যে নিষিদ্ধ সংগঠনের চ্যালেঞ্জ, আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং অর্থনৈতিক সংকট অন্যতম। এসব চ্যালেঞ্জ মোকাবিলা করে দ্রুত একটি সুন্দর ও আধুনিক বাংলাদেশ গড়ে তুলতে সরকার কাজ করছে। বুধবার (১৪ অক্টোবর) দুপুর ১২টায় পটুয়াখালীর বাউফল উপজেলা পরিষদে উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের ৩ এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় ভ্রাম্যমান আদালতে ছয় প্রতিষ্ঠানকে ২২ হাজার টাকা জরিমানা

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় ভেজালবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে ভুগি ব্যবসা প্রতিষ্ঠানকে মোট ২২ হাজার ৫শ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। বুধবার সকালে উপজেলার গৈলা বাজারে এই অভিযান পরিচালিত হয়। অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রানী মিত্র ও ইমদাদী দাস। অভিযানকালে মূল্যতালিকা না থাকা, দুর্গমান স্থানে পণ্যের দাম প্রদর্শন না করা এবং মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রির উদ্দেশ্যে সংরক্ষণের অপরাধে গৈলা বাজারের ৬টি প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়। এর মধ্যে বিমল স্টোরকে ৩ হাজার টাকা, লোকনাথ স্টোরকে ৬ হাজার টাকা, ঘোষ ৩ এর পাতায় দেখুন

হাওরে ঘুরতে গিয়ে আ.লীগ নেতার মৃত্যু

গৌরনদী প্রতিনিধি

সুনামগঞ্জের টাঙ্গুয়ার হাওরে ঘুরতে গিয়ে হদরোগে আক্রান্ত হয়ে মো. মনিরুজ্জামান মিয়া (৪৫) নামে কর্মক্রেম নিষিদ্ধ এক আওয়ামী লীগ নেতার মৃত্যু হয়েছে। বুধবার (১৪ অক্টোবর) সকাল সাড়ে ৬টার দিকে তিনি মারা যান। মৃত মনিরুজ্জামান গৌরনদী গৌরসভা আওয়ামী লীগের কার্যনির্বাহী



কমিটির সাবেক সদস্য এবং ৬নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মোতাসেব হোসেন মিয়া হলেন। মো. মনিরুজ্জামান মিয়ার সফরসঙ্গী আগৈলঝাড়া উপজেলার বাসিন্দা জামাল সিকদার বলেন, গত ১২ অক্টোবর গৌরনদী-আগৈলঝাড়ার প্রায় ৩০ জনের একটি দল সুনামগঞ্জের টাঙ্গুয়ার হাওরে ঘুরতে এসেছিলেন। আমাদের সফরসঙ্গী হিসেবে মনিরুজ্জামান ছিলেন। বুধবার

সকালে হাওরে বোটের মধ্যে বসে হদরোগে আক্রান্ত হন মনিরুজ্জামান। তাৎক্ষণিক তাকে তাহিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। তবে এ বিষয়ে মৃত মনিরুজ্জামানের পরিবারের কোনো বক্তব্য পাওয়া যায়নি। এ রিপোর্ট লেখা পর্যন্ত মনিরুজ্জামানের মরদেহ নিয়ে সফরসঙ্গীরা গৌরনদীর পথে রয়েছেন।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক

মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com